

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবসে রেশম উন্নয়ন বোর্ডে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

রাজশাহী/ ১৫-০৮-১৬

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় ও পিতৃ কেন্দ্র, রাজশাহী এর সমন্বয়ে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে একটি আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দিনের শুরুতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মাধ্যমে শোক দিবসে গৃহিত কর্মসূচির সূচনা করা হয়। জাতীয় শোক দিবসের এই দিনে বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এর নেতৃত্বে সকাল ০৯.০০টায় জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর সকাল ০৯.১৫ টায় কোরআন থেকে তেলওয়াত ও গীতা থেকে পাঠের মধ্য দিয়ে আলোচনা অনুষ্ঠানের সূচনা করা হয়।

সভায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মম হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে জাতির জনকের দেশের প্রতি অবদান ও রাজনৈতিক জীবনের উপর আলোকপাত করা হয়। সভায় মহাপরিচালক জাতির জনকসহ নিহতদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করে সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার প্রধান রূপকার জাতির জনকের মহান আত্মত্যাগের বর্ণনা দেন। তিনি বলেন, জাতির পিতার কারণেই আমরা স্বাধীনতার সুফল ভোগ করছি। জাতির পিতার সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশকে এগিয়ে নিতে হলে হিংসা, বিদ্বেষ, হানাহানি ভুলে গিয়ে এক কাতারে কাজ করতে হবে। এ লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে এ শিল্পের সুনাম ফিরিয়ে আনার জন্য সুশৃঙ্খলভাবে একযোগে কাজ করার অনুরোধ জানান। আলোচনা শেষে ১৫ আগস্টে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

আলোচনা অনুষ্ঠানে আরও বক্তব্য দেন রেশম উন্নয়ন বোর্ডের সদস্য(অর্থ: ও পরি:) মো: কামাল উদ্দীন, সদস্য(উৎপাদন ও বাজার:) মো: সেরাজুল ইসলাম, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মো: জামালউদ্দীন শাহু, সচিব মো: জায়েদুল ইসলাম এবং সিবিএ সাধারন সম্পাদক মো: শামসুল হক। আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকবৃন্দ। অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন সুমন ঠাকুর, জনসংযোগ কর্মকর্তা।

স্বাক্ষরিত/১৫-০৮-১৬

**সুমন ঠাকুর**

জনসংযোগ কর্মকর্তা

ফোন: ৭৭৫০১৩

মোবা: ০১৭৩১৫০৮৪৭৭

ইমেইল: suar30.4@gmail.com